<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

## “Gig Economy and Bangladesh: Opportunities, Challenges and Way Forward”

ঢাকা, বাংলাদেশ, ১৫ মার্চ ২০২৩

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) ১৫ ই মার্চ ২০২৩ তারিখে বিআইআইএসএস অডিটরিয়ামে **“Gig Economy and Bangladesh: Opportunities, Challenges and Way Forward”** শীর্ষক একটি সেমিনারের আয়োজন করে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনীতি বিষয়ক উপদেষ্টা **ড. মশিউর রহমান**। স্বাগত বক্তব্যে প্রদান করেন বিআইআইএসএস এর মহাপরিচালক **মেজর জেনারেল শেখ পাশা হাবিব উদ্দিন, ওএসপি, এসজিপি, বিএএমএস, এএফডব্লিউসি, পিএসসি**। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন **ড. জাইদি সাত্তার,** চেয়ারম্যান, পলিসি গবেষণা ইনস্টিটিউট (PRI)।

স্বাগত বক্তব্যে বিআইআইএসএস- এর মহাপরিচালক **মেজর জেনারেল শেখ পাশা হাবিব উদ্দিন, ওএসপি, এসজিপি, বিএএমএস, এএফডব্লিউসি, পিএসসি** বলেন, কাজের ধরণ ও সহজ উপায়ে কাজ কারার কারণে গিগ ইকোনমি বা শেয়ারড অর্থনীতির গুরুত্ব দিন দিন বৃদ্ধি পাচ্ছে। গিগ ইকোনমি বা শেয়ারড অর্থনীতিতে দূরবর্তী কাজের উত্থান বৃদ্ধি পেয়েছে ও প্রযুক্তির সঠিক ব্যবাহারের মাধ্যমে কর্মসংস্থান সহজ হয়েছে। অধিক জনসংখ্যার চাপ ও বেকারত্বের মাঝে গিগ ইকোনমি বা শেয়ারড অর্থনীতি নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে। সঠিক কর্মপন্থা নির্ধারণ, ডিজিটাল অবকাঠামো নির্মাণ ও সহায়ক সেবা সমূহের মান উন্নয়নের মাধ্যমে গিগ ইকোনমি বা শেয়ারড অর্থনীতি দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে এবং চাকুরির ব্যবস্থা নিশ্চিত করবে।

সেমিনারে মোট তিনটি প্রবন্ধ উপস্থাপন করা হয়। **ড. মাহফুজ কবির,** গবেষণা পরিচালক, বিআইআইএসএস, **“Market Characteristics, Growth and Contributions of the Gig Economy”**; **জনাব ওয়াহিদ শরীফ,** সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কন্টাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (BACCO), **“Services Outsourcing, Challenges and Opportunities”**; এবং **জনাব মাইক কাজী,** প্রতিষ্ঠাতা এবং সিইও, এপেক্স ডিএমআইটি লিমিটেড, **“Export of IT-Enabled Services, Skills, and Way Forward”** শীর্ষক শিরোনামে প্রবন্ধ সমূহ উপস্থাপন করেন। অধিবেশন শেষে একটি মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনীতি বিষয়ক উপদেষ্টা **ড. মশিউর রহমান** প্রধান অতিথির বক্তব্যে বলেন, চিরাচরিত কর্মসংস্থানের উপর চতুর্থ শিল্প বিপ্লব গভীর প্রভাব ফেলেছে। গিগ ইকোনমির মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি ব্যপক চ্যালেঞ্জও মোকাবেলা করতে হবে। গিগ ইকোনমি বা শেয়ারড অর্থনীতি ইতিবাচক ও গুরুত্বপূর্ণ নতুন কর্মসংস্থানের পথ দেখাবে।

অনুষ্ঠানে বিভিন্ন মন্ত্রনালয়/সংস্থার পদস্থ কর্মকর্তা, বিদেশি দূতাবাসের প্রতিনিধি, উর্দ্ধতন সামরিক কর্মকর্তা, সাবেক কূটনৈতিক, বিভিন্ন সরকারি- বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/শিক্ষার্থী, আন্তর্জাতিক সংস্থা সমুহের প্রতিনিধি, ব্যবসায়ী ব্যক্তিত্ব ও মিডিয়া ব্যক্তিত্বগন অংশগ্রহন করেন। মুক্ত আলোচনায় তাদের মতামত ও পরামর্শ প্রদান করে সেমিনারকে সমৃদ্ধ করেন।

**Press Release**

Seminar On

**"Gig Economy and Bangladesh: Opportunities, Challenges and Way Forward"**

Dhaka, Bangladesh, 15 March 2023

Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organized a Seminar on **"Gig Economy and Bangladesh: Opportunities, Challenges and Way Forward"** on 15 March 2023 at the BIISS auditorium. **H E Dr Mashiur Rahman,**Economic Affairs Advisor to the Hon'ble Prime Minister, Government of the People's Republic of Bangladesh graced the seminar as the Chief Guest. **Major General Sheikh Pasha Habib Uddin, OSP, SGP, BAMS, afwc, psc** delivered the Welcome Remarks and **Dr Zaidi Sattar**, Chairman, Policy Research Institute of Bangladesh (PRI) Chaired the session.

In his Welcome Remarks **Major General Sheikh Pasha Habib Uddin, OSP, SGP, BAMS, afwc, psc**Director General, BIISS, noted thatthe evolution of the gig economy is gaining popularity due to the nature of flexibility at work. In the gig economy, the concept of employment has become flexible withthe use of technology and the rise of remote work. As the economy of the country struggles under the weight of an expanding population and high unemployment rates, the gig economy can play a crucial part in keeping the economy moving. With the appropriate mix of policies, digital infrastructure, and supporting services, the gig economy has the potential to become a growth engine for the country by producing jobs for many people.

Chief Guest of the Seminar**H E Dr Mashiur Rahman,** Economic Affairs Advisor to the Hon'ble Prime Minister, Government of the People's Republic of Bangladesh, noted that the Fourth Industrial Revolution is having a profound impact on traditional employment opportunities. This impact is extensive, as it can create opportunities while also presenting new challenges. He expected that the gig economy will create several positive outputs including creatinga significant number of new jobs.

Three presentations were made in the Seminar. **Dr Mahfuz Kabir**, Research Director, BIISS, delivered a presentation on "Market Characteristics, Growth and Contributions of the Gig Economy". A presentation titled "Services Outsourcing, Challenges and Opportunities" was made by **Mr Wahid Sharif**, President, the Bangladesh Association of Contact Center and Outsourcing (BACCO). **Mr Mike Kazi**, Founder and CEO, Apex DMIT Ltd presented on "Export of IT-Enabled Services, Skills, and Way Forward".

There was an open discussion session during the Seminar. Senior officials from different ministries, ambassadors and high commissioners, senior civil and military officials, media, academia, think tanks, business personalities, students and teachers from different universities participated in the session.

This document was created with Win2PDF available at http://www.win2pdf.com.
The unregistered version of Win2PDF is for evaluation or non-commercial use only.
This page will not be added after purchasing Win2PDF.